দৈনিক সংবাদ

১৭৫

তারিখ ... ... ... MAR 1 4 2000
পৃষ্ঠা ৯ কলাম ৬

এসএসসি পরীক্ষা

# গোপালগঞ্জে পরীক্ষার্থীর ভাইকে কুপিয়ে হত্যা

গোপালগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতাঃ এসএসসি পরীক্ষায় সহযোগিতা না পেয়ে একদল অস্ত্রধারী যুবক এক পরীক্ষার্থীর বড় ভাইকে কুপিয়ে হত্যা করেছে। ঘটনাটি ঘটেছে সোমবার সকাল ৯টায় মুকসুদপুর থানার লখাইরচর ভ্যান স্ট্যান্ডে।

পুলিশ জানায়, মুকসুদপুর পাইলট স্কুলের ছাত্র এসএসসি পরীক্ষার্থী জাহিদ রোববার কৃষি বিজ্ঞান বিষয়ে পরীক্ষার সময় ওই একই স্কুলের মেধাবী ছাত্র শিপনকে পরীক্ষার খাতা দেখাতে বলে। শিপন তাকে খাতা দেখাতে অস্বীকৃতি জানালে পরীক্ষার হলেই দুজনের মধ্যে কথা কাটাকাটি হয়।

এ ঘটনার জের হিসেবে সোমবার সকাল ৯টায় শিপন তার বড় ভাই আজাদকে নিয়ে পরীক্ষা দিতে আসার পথে লখাইরচর ভ্যান স্ট্যান্ডে এলে জাহিদ, নাসির ও ইমদাদ শিপনের উপর চড়াও হয়। এ সময় বড় ভাই আজাদ তাদের প্রতিরোধ করলে সন্ত্রাসীরা তাকে কুপিয়ে ঘটনাস্থলেই খুন করে।

আজাদের বাড়ি নগরকান্দা থানার বাউশখালি গ্রামে। এ ব্যাপারে মুকসুদপুর থানায় একটি মামলা হয়েছে। পুলিশ কাউকে গ্রেফতার করেনি।